যুগান্তর

JAN 23 2002

তারিখ ...........................
পৃষ্ঠা ........ কলাম ........

# বরগুনায় জাতীয় শিক্ষা সপ্তাহ

বরগুনা প্রতিনিধি

জাতীয় শিক্ষা সপ্তাহ ১৫ জানুয়ারি বরগুনা জেলা স্কুলের শিক্ষর্ক সম্মেলন কক্ষে সমাপ্ত হয়েছে। অনুষ্ঠানে জেলার ৫টি উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে শতাধিক ছাত্রছাত্রী অংশ গ্রহণ করে।

বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন জেলা প্রশাসক মুহাম্মদ আবুল কাসেম।

অনুষ্ঠানে জেলার শ্রেষ্ঠ কলেজ হিসাবে নির্বাচিত করা হয়েছে বেতাগী ডিগ্রি কলেজ; জেলার শ্রেষ্ঠ বিদ্যালয় হিসাবে নির্বাচিত করা হয়েছে হোসনাবাদ আদর্শ মাধ্যমিক বিদ্যালয়কে।